# উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম-এর নভেম্বর'২০২৪ খ্রিঃ মাসের সাধারণ সভার কার্যবিবরণী ঃ

**সভাপতি** ঃ জনাব তানভীর আহমেদ
প্রশাসক (অঃদাঃ), উপজেলা পরিষদ
চর রাজিবপুর, কুড়িগ্রাম।

**সভার তারিখ** ঃ ২৬ নভেম্বর'২০২৪ খ্রিঃ।

**সভার সময়** ঃ সকাল ১১.০০ ঘটিকা।

**সভার স্থান** ঃ উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম-এর সম্মেলন কক্ষ।

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যের তালিকা হাজিরা খাতায় সংরক্ষিত।

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর সভাপতি উপজেলা আইসিটি অফিসারকে সভা পরিচালনা করার জন্য অনুরোধ করেন। সভাপতির অনুমতিক্রমে এজেন্ডা ভিত্তিক আলোচনা শুরু করা হয়।

আলোচ্য সূচী ঃ ১। গত অক্টোবর'২০২৪ খ্রিঃ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।
২। বিভিন্ন দপ্তরের বিভাগীয় কার্যক্রম প্রসঙ্গে আলোচনা।
৩। বিবিধ।

**আলোচনা ও সিদ্ধান্ত** ঃ কোন সংশোধনী/আপত্তি না থাকায় অক্টোবর'২০২৪ খ্রিঃ মাসে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

| ক্রঃ নং | বিভাগ/দপ্তরের নাম | আলোচ্য বিষয়বস্তু | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ অফিসার'র প্রতিনিধি সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্না হচ্ছে। তিনি আরও জানান গবাদি পশুকে চিকিৎসা প্রদান ৯৪৪ টি, হাঁস-মুরগী চিকিৎসা প্রদান ৪৯৯৫ টি ও পোষা প্রাণি চিকিৎসা প্রদান কার্যক্রম চলমান। গবাদি পশুকে টিকা প্রদান ৯৩৬ টি, হাঁস-মুরগী টিকা প্রদান ৩৭০০ টি। কৃত্রিম প্রজনন করা হয়েছে ১৫০ টি। উপজেলা প্রাণিসম্পদ দপ্তরে জনবল শুন্য রয়েছে। প্রয়োজনীয় সংখ্যক জনবল পদায়নের লক্ষ্যে উর্দ্ধতন কর্তপক্ষ বরাবর পত্র প্রেরণ করার জন্য উপজেলা নির্বাহী অফিসার, চর রাজিবপুর-কে অনুরোধ করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে পার্শ্বে বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণিসম্পদ দপ্তরে শুন্য পদে জনবল পদায়নের লক্ষ্যে উর্দ্ধতন কর্তৃপক্ষ বরাবর পত্র প্রেরণ করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, চর রাজিবপুর |
| ০২ | কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্না হচ্ছে। তিনি আরও জানান রবি মৌসুমের বিভিন্ন ফসলের কার্যক্রম চলমান। সরিষার বপন কার্যক্রম শেষের দিকে। অন্যান্য উচ্চ মূল্যের ফসল সম্প্রসারণের জন্য কাজ করা হচ্ছে। কৃষি প্রনোদনা কার্যক্রমের আওতায় ১০০০ জন্য জন্য হাইব্রিড বোরো বীজের কার্যক্রম চলমান। অনাবাদি জায়গায় ১২৬টি বাগান দেয়া হচ্ছে। বর্তমানে উপজেলায় সারের কোন ঘাটতি নাই। সভায় বিস্তারিত আলোচনান্তে পার্শ্বে বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়। | অনবাদি জায়গায় কৃষি ফসল উৎপন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি অফিসার, চর রাজিবপুর। |
| ০৩ | মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য অফিসার সভায় উপস্থিত না থাকায় উপজেলা মৎস্য বিভাগ সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | উপজেলা মৎস্য অফিসার-কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা মৎস্য অফিসার, চর রাজিবপুর |
| ০৪ | প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী'র প্রতিনিধি সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান গত সভার সিদ্ধান্ত মোতাবেক নব-নির্মিত উপজেলা পরিষদ কমপ্লেক্স ভবনের অফিস কক্ষের নিরাপত্তার জন্য জরুরী প্রয়োজনে কলাপ্সিপল গেইট নির্মাণ করার লক্ষ্যে =১,২০,০০০/- (একলক্ষ বিশ হাজার) | ১। নব নির্মিত কমপ্লেক্স ভবনের কলাপ্সিপল গেইট =১,২০,০০০/- (একলক্ষ বিশ হাজার) টাকার প্রাক্কলন মোতাবেক পিআইসি কমিটির মাধ্যমে নির্মাণ | উপজেলা প্রকৌশলী, চর রাজিবপুর, কুড়িগ্রাম। |



CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | টাকার প্রাক্কলন প্রস্তত করা হয়েছে। সভার সিদ্ধান্ত মোতাবেক পিআইসি কমিটির মাধ্যমে নব-নির্মিত কমপ্লেক্স ভবনের কলাপ্সিপল গেইট নির্মাণ করা যেতে পারে। উপজেলা প্রকৌশলী সভায় আরও জানান শিবেরডাঙ্গী বাজার হতে চেইনেজ (৩৩০-২৩৫০) কাজ চলমান। অত্র রাস্তায় কিছু গাছ কর্তন করা জরুরী প্রয়োজন। পূর্বে উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের মাধ্যমে বন অধিদপ্তরকে অনুরোধ করা হলেও কোন ব্যবস্থা গ্রহণ করা হয়নি। উক্ত রাস্তার গাছ কর্তনের বিষয়ে উপজেলা নির্বাহী অফিসারের মাধ্যমে পুনরায় বন বিভাগকে অনুরোধ করেন। মোহনগঞ্জ ইউনিয়নের বড়বেড় প্রাঃ বিদ্যাঃ হতে আমখাওয়া ঘাট রাস্তায় (চেইনেজ ০০-২৪০ মি.) উন্নয়নের লে-আউট প্রদান করা হয়েছে। উক্ত রাস্তার সীমানা নির্ধারণের বিষয়ে আশে পাশের লোকজন অভিযোগ করেছেন। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসারের মাধ্যমে সহকারী কমিশনার (ভূমি), চর রাজিবপুর এর দৃষ্টি আকর্ষন করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে পার্শ্বে বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়। | করার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২। রাস্তার গাছ কর্তনের বিষয়ে বন বিভাগে ও সহকারী কমিশনার (ভূমি) বরাবর পত্র প্রেরণ জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ০৫ | জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | উপজেলা সহকারী জনস্বাস্থ্য প্রকৌশলী সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান চলতি অর্থ বছরে বিভিন্ন পানির উৎসের স্থান চূড়ান্ত পর্যায়ে রয়েছে এবং যে সকল স্থান চূড়ান্ত হয়েছে সে সকল পানির উৎসের সহায়ক চাঁদা ব্যাংকে জমা গ্রহণ করা হচ্ছে। এছাড়া পিইডিপি-৪ প্রকল্পের শিবেরডাঙ্গী উচ্চ বিদ্যালয়ে ওয়াশব্লক নির্মাণের স্থানটি ২৫ নভেম্বর ২০২৪ তারিখে বিদ্যালয়ের পশ্চিম পার্শ্বে চূড়ান্ত করা হয়েছে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সহকারী জনস্বাস্থ্য প্রকৌশলী, চর রাজিবপুর। |
| ০৬ | স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা'র প্রতিনিধি, চর রাজিবপুর সভায় জানান যে, চিকিৎসাসহ অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান হাসপাতালের অভ্যন্তরে ২টি গাছের বড় ডাল মরে গেছে। গাছ দুটি জরুরী বিভাগের রাস্তার উপরে ঝুকিপূর্ণ অবস্থায় রয়েছে। গাছ দুটির মরা ও ঝুকিপূর্ণ ডাল কর্তনপূর্বক অপসারণ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় অনুরোধ জানান। হাসপাতালের এ্যাম্বুলেন্সের চাকা ক্রয়ের প্রয়োজনীয় অর্থ প্রদানের জন্য অনুরোধ জানান। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে পার্শ্বে বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের অভ্যন্তরে মরা ডাল কর্তনপূর্বক অপসারণ ও এ্যাম্বুলেন্সের চাকা ক্রয়ের বরাদ্দ চাহিয়া উর্দ্ধতন কর্তৃপক্ষ বরাবর পত্র প্রেরণ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ০১। উপজেলা নির্বাহী অফিসার, চর রাজিবপুর<br>০২। উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, চর রাজিবপুর।<br>০৩। উপজেলা প্রকৌশলী, চর রাজিবপুর |
| ০৭ | পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা-কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা পঃ পঃ কর্মকর্তা, চর রাজিবপুর, চর কুড়িগ্রাম। |
| ০৮ | দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান সেতু/কালভার্ট প্রকল্পের কাজ চলমান রয়েছে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, চর রাজিবপুর, কুড়িগ্রাম |
| ০৯ | সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা অফিসার সভায় সভায় উপস্থিত না থাকায় উপজেলা সমাজসেবা বিভাগ সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | উপজেলা সমাজসেবা অফিসার-কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা সমাজসেবা অফিসার, চর রাজিবপুর |
| ১০ | প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান ৩য় প্রান্তিক মূল্যায়ন আগামী ০২ ডিসেম্বর ২০২৪ তারিখ অনুষ্ঠিত হবে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে পার্শ্বে বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়। | ৩য় প্রান্তিক পরীক্ষা সুষ্ঠুভাবে অনুষ্ঠানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ০১। উপজেলা শিক্ষা অফিসার, চর রাজিবপুর<br>০২। উপজেলা প্রকৌশলী, চর রাজিবপুর |

চলমান পাতা-৩



CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ১১ | মহিলা বিষয়ক অধিদপ্তর | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা-কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, চর রাজিবপুর |
| ১২ | যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন অফিসার সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান ২০২৪-২৫ অর্থ বছরের ৮টি ব্যাচের প্রশিক্ষণ বাজেট পাওয়া গেছে। ২টি ব্যাচের প্রশিক্ষণ শেষ হয়েছে। ২টি ব্যাচ প্রশিক্ষণের প্রস্তুতি চলছে। | সুষ্ঠুভাবে প্রশিক্ষণ প্রদানের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকতা, চর রাজিবপুর |
| ১৩ | সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় উপজেলা সমবায় বিভাগ সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না | উপজেলা সমবায় কর্মকতা, চর রাজিবপুর-কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা সমবায় কর্মকতা, চর রাজিবপুর |
| ১৪ | পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান ইতিপূর্বে দায়েরকৃত ২০টি সার্টিফিকেট মামলার মধ্যে ৫টি নিষ্পত্তি হয়েছে। অবশিষ্ট মামলাগুলো নিষ্পত্তি করার জন্য প্রচেষ্টা অব্যাহত রয়েছে। | সার্টিফিকেট মামলাগুলো নিষ্পত্তি করার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকতা, চর রাজিবপুর |
| ১৫ | পরিবেশ ও বন বিভাগ | ফরেস্টার, সামাজিক বনায়ন নার্সারী কেন্দ্র, চর রাজিবপুর সভায় উপস্থিত না থাকায় উপজেলা পরিবেশ ও বন বিভাগ সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | ফরেস্টার, সামাজিক বনায়ন নার্সারী কেন্দ্র, চর রাজিবপুর-কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | ফরেস্টার, উপজেলা সামাজিক বনায়ন নার্সারী, চর রাজিবপুর |
| ১৬ | মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান ডিগ্রি ৩য় বর্ষের পরীক্ষা চলমান। ১৫ ডিসেম্বর হতে এসএসসি ও দাখিল (ভোকঃ) নবম শ্রেণীর সমাপনী পরীক্ষা শুরু হবে। | সুষ্ঠুভাবে সকল পরীক্ষা সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, চর রাজিবপুর |
| ১৭ | পরিষদের রাজস্ব তহবিল | উপজেলা পরিষদের রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা'২০২০ মোতাবেক ২০২৪-২৫ অর্থ বছরে নভেম্বর'২০২৪ খ্রিঃ মাসে নিম্নবর্ণিতভাবে খাত ভিত্তিক ব্যয় করা প্রয়োজন মর্মে সভায় উপস্থিত প্রশাসক (অঃদাঃ) ও উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা পরিষদ, চর রাজিবপুর মতামত ব্যক্ত করেন। খাত ভিত্তিক ব্যয় সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়।<br>০১। নভেম্বর'২০২৪ খ্রিঃ মাসের আপ্যায়ন বাবদ ব্যয় =৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা।<br>০২। নভেম্বর'২০২৪ খ্রিঃ মাসের অফিস আনুষাঙ্গিক (অপসেট পেপার, টিস্যু বক্স, এ্যারোসল, হারপিক, স্ট্যাপলার মেশিন, কলম ইত্যাদি) বাবদ ব্যয় =৫,০০০/- (পাঁচ হাজার) টাকা।<br>০৩। নভেম্বর'২০২৪ খ্রিঃ মাসের অভ্যন্তরীণ যোগাযোগ বৃদ্ধি, বার্তা ও উপাত্তের আদান প্রদানে ইন্টারনেট ব্যবহার বাবদ ব্যয় =১৫,০০০/-(পনের হাজার) টাকা।<br>০৪। নভেম্বর'২০২৪ খ্রিঃ মাসে ০১ (এক) জন মালি'র দৈনিক মজুরী (৫৫০×৩০ দিন) =১৬,৫০০/- (ষোল হাজার পাঁচশত) টাকা।<br>০৫। নভেম্বর'২০২৪ খ্রিঃ মাসের ০১ (এক) জন সুইপার'র দৈনিক দৈনিক মজুরী (৫৫০×৩০ দিন) =১৬,৫০০/- (ষোল হাজার পাঁচশত) টাকা।<br>০৬। উপজেলা পরিষদ চত্ত্বরে সার্বিক নিরাপত্তার জন্য নিয়োজিত আনসার-এর নভেম্বর'২০২৪ খ্রিঃ মাসের বেতন | ২০২৪-২৫ অর্থ বছরে নভেম্বর'২০২৪ খ্রিঃ মাসে বর্ণিত খাত ভিত্তিক ও উপখাতে উল্লেখিত টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ব্যয় করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক (অঃদাঃ), উপজেলা পরিষদ, চর রাজিবপুর |

| | | | | |
|---|---|---|---|---|
| | | =৮,২৫০/- (আট হাজার দুইশত পঞ্চাশ) টাকা।<br>০৭। ২০২৪-২৫ অর্থ বছরে প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্থ ব্যক্তিকে সহায়তা বাবদ =২৩,০০০/- (তেইশ হাজার) টাকা।<br>০৮। ২০২৪-২৫ অর্থ বছরে অফিস সরঞ্জামাদি ক্রয় ব্যয় বিল =১,০০,০০০/- (একলক্ষ) টাকা।<br>০৯। ২০২৪-২৫ অর্থ বছরে উপজেলা পরিষদের ৫ নং কোয়ার্টার মেরামত ও রংকরণ ব্যয় বিল =২,০০,০০০/- (দুইলক্ষ) টাকা।<br>১০। স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-১ শাখার ১২/১১/২০২৪ তারিখের ৪৬.০০.০০০০.০৪৬.২৬.০৪৬.১২-৬০৮ নং স্মারক পত্রের অনুমোদন মোতাবেক চর রাজিবপুর উপজেলধীন ইউনিয়ন পরিষদে কর্মরত কর্মচারী (ইউপি প্রশাসনিক কর্মকর্তা, হিসাব সহকারী কাম-কম্পিউটার অপারেটর ও গ্রাম পুলিশ) এর বেতন ভাতা বাবদ =১২,৫৫,৩১৪/- (বারলক্ষ পঞ্চান্ন হাজার তিনশত চৌদ্দ) টাকা।<br>১১। উপজেলা পরিষদের মিটার নং-১৫৭০৮৭৭৭ ও হিসাব নং-১০২৩০৭৩৬৪৮২৪০ এর জুন'২০২৪ হতে অক্টোবর'২০২৪ পর্যন্ত বিদ্যুৎ বিল =১,১১,০৫৯/- (একলক্ষ এগার হাজার উনষাট) টাকা।<br>১২। উপজেলা পরিষদের মিটার নং-০০২৯৬৭১৪ ও হিসাব নং-১০২৩০৭২৮৬১৫৪১ এর জুন'২০২৪ হতে অক্টোবর'২০২৪ পর্যন্ত বিদ্যুৎ বিল =১৫,০৭৬/- (পনের হাজার ছিয়াত্তর) টাকা।<br>এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে পার্শ্বে বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়। | | |
| ১৮ | বিবিধ | | | |
| ১৮ (১) | উপজেলা খাদ্য অধিদপ্তর | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান আমন সংগ্রহ ২৪-২৫ শুরু হয়েছে। এ বিষয়ে সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। গুদামের সার্বিক নিরাপত্তার স্বার্থে গেইট সংস্কার করা দ্রুত প্রয়োজন। এ বিষয়ে উপজেলা প্রশাসনের মাধ্যমে উপজেলা প্রকৌশলীর দৃষ্টি আকর্ষন করেন। গুদামের বাউন্ডারী ওয়াল সংলগ্ন একটি মরা ইউক্যালিপটাস গাছ রয়েছে। গাছটি কর্তন পূর্বক অপসারণ করা প্রয়োজন। তা না হলে যে কোন দুর্ঘটনা ঘটতে পারে। | গুদামের বাউন্ডারী ওয়াল সংলগ্ন মরা গাছ কর্তনের বিষয়ে ফরেস্টার, সামাজিক বনায়ন, রাজিবপুর-কে পত্র প্রেরণ করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, চর রাজিবপুর, কুড়িগ্রাম |
| ১৮ (২) | উপজেলা রিসোর্স সেন্টার | ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে প্রশিক্ষণ কার্যক্রম শুরু হবে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, চর রাজিবপুর |
| ১৮ (৩) | রাজিবপুর ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, রাজিবপুর ইউপি সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান টিসিবি কার্ড সংশোধন ও হালনাগাদ কার্যক্রম চলমান। অত্র ইউনিয়নের ক্ষতিগ্রস্থ রাস্তা মেরামত করা প্রয়োজন। খাদ্য বান্ধব কর্মসুচি নতুন ডিলার নিয়োগ করা প্রয়োজন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে পার্শ্বে বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, রাজিবপুর ইউপি, চর রাজিবপুর |

চলমান পাতা-৫



CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ১৮ (৪) | কোদালকাটি ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, কোদালকাটি ইউপি সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান টিসিবি কার্ড সংশোধন ও হালনাগাদ কার্যক্রম চলমান। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, কোদালকাটি ইউপি, চর রাজিবপুর |
| ১৮ (৫) | মোহনগঞ্জ ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, মোহনগঞ্জ ইউপি সভায় সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান টিসিবি কার্ড সংশোধন ও হালনাগাদ কার্যক্রম চলমান। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, মোহনগঞ্জ ইউপি, চর রাজিবপুর |
| ১৮ (৬) | রাজিবপুর থানা | অফিসার ইনচার্জ, রাজিবপুর থানা সভায় আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক। আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। | আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে হবে। | অফিসার ইনচার্জ, রাজিবপুর থানা, চর রাজিবপুর |
| ১৮ (৭) | চুষমারা থানা | অফিসার ইনচার্জ, চুষমারা থানা সভায় উপস্থিত না থাকায় চুষমারা থানার আইন-শৃঙ্খলা পরিস্থিতি সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হল না। | অফিসার ইনচার্জ, চুষমারা থানা'কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | অফিসার ইনচার্জ, চুষমারা থানা। |
| ১৮ (৮) | নির্বাচন বিভাগ | উপজেলা নির্বাচন কর্মকর্তা সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। সারাদেশে রহিঙ্গা ছড়িয়ে পড়েছে। রহিঙ্গা যাতে জন্ম নিবন্ধন নিতে না পারে সে বিষয়ে সজাগ দৃষ্টি রাখার জন্য ইউপি চেয়ারম্যান ও ইউপি প্রশাসনিক কর্মকর্তার দৃষ্টি আকর্ষন করেন। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাচন কর্মকর্তা, চর রাজিবপুর |
| ১৮ (৯) | হিসাবরক্ষণ বিভাগ | উপজেলা হিসাবরক্ষণ অফিসার সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা হিসাবরক্ষণ অফিসার, চর রাজিবপুর |
| ১৮(১০) | আনসার ও ভিডিপি দপ্তর | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা আনসার ও ভিডিপি অফিসার, চর রাজিবপুর, কুড়িগ্রাম। |
| ১৮(১১) | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা'র প্রতিনিধি সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান আগামী ১০-২৬ ডিসেম্বর ২০২৪ পর্যন্ত ৪র্থ অর্থনৈতিক শুমারী শুরু হতে যাচ্ছে। সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, চর রাজিবপুর |
| ১৮(১২) | পল্লী সঞ্চয় ব্যাংক (আমার বাড়ি আমার খামার প্রকল্প) | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, চর রাজিবপুর |
| ১৮(১৩) | দারিদ্র বিমোচন বিভাগ | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় দারিদ্র বিমোচন বিভাগ সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা-কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকতা, চর রাজিবপুর |
| ১৮(১৪) | তথ্য আপা ঃ (২য় পর্যায়) | তথ্যসেবা কর্মকর্তা, তথ্য আপাঃ সভায় উপস্থিত না থাকায় উপজেলা তথ্যসেবা অফিসের কার্যক্রম সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | তথ্যসেবা কর্মকর্তা, তথ্য আপা ঃ (২য় পর্যায়), চর রাজিবপুর-কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | তথ্যসেবা কর্মকর্তা, তথ্য আপা ঃ (২য় পর্যায়), চর রাজিবপুর |
| ১৮(১৫) | পল্লী বিদ্যুৎ সমিতি | ডেপুটি জেনারেল ম্যানেজার, রৌমারী জোনাল অফিস, জামালপুর পল্লী বিদ্যুৎ সমিতি সভায় উপস্থিত না থাকায় পল্লী বিদ্যুৎ সমিতির কার্যক্রম সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | ডেপুটি জেনারেল ম্যানেজার, রৌমারী জোনাল অফিস, জামালপুর পল্লী বিদ্যুৎ সমিতি-কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | ডেপুটি জেনারেল ম্যানেজার, রৌমারী জোনাল অফিস, জামালপুর পল্লী বিদ্যুৎ সমিতি |

চলমান পাতা-৬



CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ১৮(১৬) | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (আইসিটি শাখা) | উপজেলা আইসিটি অফিসার, চর রাজিবপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান ডিজিটাল সংযোগ স্থাপন (ইউডিসি) প্রকল্পের মাধ্যমে ভূমি অফিস, মাধ্যমিক বিদ্যালয় ও প্রাথমিক বিদ্যালয়ে ইন্টারনেট সংযোগ প্রদানের কার্যক্রম চলছে। এ বিষয়ে প্রশাসনের সার্বিক সহযোগিতা কামনা করেন। সকল অফিসের ওয়েব পোর্টাল হালনাগাদ করা প্রয়োজন। | সকল অফিসের ওয়েব পোর্টাল হালনাগাদ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা আইসিটি অফিসার, চর রাজিবপুর |
| ১৮(১৭) | বিজিবি | কোম্পানী কমান্ডার, বালিয়ামারী বিওপি সভায় উপস্থিত না থাকায় সীমান্ত পরিস্থিতি সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | কোম্পানী কমান্ডার, বালিয়ামারী বিওপি-কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | কোম্পানী কমান্ডার, বালিয়ামারী বিজিবি, চর রাজিবপুর |
| ১৮(১৮) | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স | স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, চর রাজিবপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। | দুর্যোগ মোকাবেলায় সর্বত্র প্রস্তুত থাকার জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। । | ইনচার্জ, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, চর রাজিবপুর |

উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক (অঃদাঃ) চর রাজিবপুর সভায় জানান যে, ১৬ ডিসেম্বর মহান বিজয় দিবস ২০২৪ উদযাপন উপলক্ষ্যে বিভিন্ন কর্মসুচি বাস্তবায়নের জন্য উপজেলা পরিষদ রাজস্ব তহবিল-এর জাতীয় দিবস খাত হতে =৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা ব্যয় করা প্রয়োজন। সভার সিদ্ধান্ত মোতাবেক মহান বিজয় দিবস'২০২৪ উদযাপন উপলক্ষ্যে বিভিন্ন কর্মসুচি বাস্তবায়নের জন্য ডিসেম্বর/২০২৪ মাসে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল-এর জাতীয় দিবস খাত হতে =৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা ব্যয় করা যেতে পারে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত ঃ মহান বিজয় দিবস'২০২৪ উদযাপন উপলক্ষ্যে বিভিন্ন কর্মসুচি বাস্তবায়নের জন্য ডিসেম্বর/২০২৪ মাসে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল-এর জাতীয় দিবস খাত হতে =৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা ব্যয় করার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে ঃ উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক (অঃদাঃ), চর রাজিবপুর, কুড়িগ্রাম।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৫.১১.২৪
(তানভীর আহমেদ)
প্রশাসক (অঃদাঃ)
উপজেলা পরিষদ
চর রাজিবপুর, কুড়িগ্রাম
ফোনঃ ০৫৮২৩-৫৬২২২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
চর রাজিবপুর, কুড়িগ্রাম।
www.charrajibpur.kurigram.gov.bd

স্মারক নং-০৫.৪৭.৪৯০৮.০০০.০৩.০৫৯.২৪-১০৫১

তারিখ ঃ ১১ অগ্রহায়ণ ১৪৩১ বঙ্গাব্দ
২৬ নভেম্বর ২০২৪ খ্রিষ্টাব্দ

**অনুলিপি সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হ'ল ঃ**

০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, উপজেলা-১ শাখা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
০৩। জেলা প্রশাসক, কুড়িগ্রাম।
০৪। উপজেলা ........................................কর্মকর্তা, চর রাজিবপুর, কুড়িগ্রাম। তাঁকে সভার সিদ্ধান্ত অনুযায়ী তাঁর জন্য প্রযোজ্য অংশটুকুর বাস্তবায়ন প্রতিবেদন আগামী সভার মধ্যেই প্রেরণ করার অনুরোধ করা হলো।
০৫। ........................................................................................ কুড়িগ্রাম।
০৬। সহকারী প্রোগ্রামার, চর রাজিবপুর, কুড়িগ্রাম (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৭। চেয়ারম্যান, রাজিবপুর/কোদালকাটি/মোহনগঞ্জ ইউ.পি, চর রাজিবপুর, কুড়িগ্রাম।
০৮। অফিস কপি।

২৫.১১.২৪
(তানভীর আহমেদ)
উপজেলা নির্বাহী অফিসার
চর রাজিবপুর, কুড়িগ্রাম
ফোন ঃ ০৫৮২৩-৫৬০০১
ই-মেইল ঃ unorajibpur@mopa.gov.bd



CamScanner